আনাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিসরা (পারস্যের সম্রাট), কায়সার (রোমের সম্রাট) ও নাজাশী এবং অন্যান্য প্রভাবশালী শাসকগণের নিকট পত্র লিখেন, যাতে তিনি তাদের আল্লাহর দিকে দাওয়াত দেন

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত: আনাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিসরা (পারস্যের সম্রাট), কায়সার (রোমের সম্রাট) ও নাজাশী এবং অন্যান্য প্রভাবশালী শাসকগণের নিকট পত্র লিখেন, যাতে তিনি তাদের আল্লাহর দিকে দাওয়াত দেন। ইনি সে নাজাশী নন, যার জানাযার সালাত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আদায় করেছিলেন।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

আনস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর মৃত্যুর পূর্বে বিশ্বের বিভিন্ন রাজাদের কাছে ইসলাম গ্রহণের জন্য আহ্বান জানিয়ে চিঠি পাঠিয়েছেন। তিনি কিসরাকে, এটি পারস্যের সকল সম্রাটের উপাধী, কাইসারকে, এটি সকল রোম সম্রাটের উপাধী এবং নাজাশিকে, এটি হাবশার সকল রাজার উপাধী, চিঠি পাঠান। তিনি অন্যান্য সব শক্তিশালী এবং নির্দয় শাসকদেরও চিঠি লিখেছেন, যারা মানুষের ওপর শাসন-শক্তি প্রয়োগ করতেন। আনাস রাদিয়াল্লাহু আনহু স্পষ্ট করেছেন যে, যাকে চিঠি লেখা হয়েছিল, তিনি সেই নাজাশি নন, যিনি ইসলাম গ্রহণ করেছেন এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যার উপর জানাযার সালাত পড়েছেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65789